



## সীমান্তে সার্বভৌমের অভিযান

৭ই সেপ্টেম্বর ২০১৩, প্রধানমন্ত্রী টনি আবট নিযুক্ত হওয়া সহ অস্ট্রেলিয়াতে নতুন সরকার নির্বাচিত হয়েছে। সমুদ্র উপকূলে নৌযানের মাধ্যমে অবৈধভাবে প্রবেশকারীদের প্রতিরোধে নবগঠিত সরকার একটা কঠোর নতুন নীতিমালা সূচনা করেছে যার নাম সীমান্তে সার্বভৌমের অভিযান।

### ‘সীমান্তে সার্বভৌমের অভিযান’ নতুন এই কঠোর নীতিমালাটি কি?

নৌযান ঠেকাতে, দুষ্কৃতদের কবলে পড়ে জীবনের ঝুঁকি নেয়া সমুদ্র পথে প্রবেশকারীদের প্রতিহত করতে অস্ট্রেলিয়ার অভিবাসন কার্যক্রমে শুদ্ধতা বজায় রাখতে সরকার যে সামরিক বাহিনী পরিচালিত সীমান্ত প্রতিরক্ষা ব্যবস্থা নিয়েছে তাই হল “সীমান্তে সার্বভৌমের অভিযান”।

### কিভাবে এই নতুন নীতিমালা পূর্বের নীতিমালা থেকে ভিন্ন?

পাপুয়া নিউ গিনি (PNG) এবং নাউরুয়ান (Nauruan) সরকারের সঙ্গে সক্রিয় চুক্তি মোতাবেক অবৈধ ভাবে সমুদ্র সীমায় আগমন কারীদের বিরুদ্ধে ব্যবস্থা প্রক্রিয়াকরণের জন্য পাপুয়া নিউ গিনি (PNG) এবং নাউরুয়ান (Nauruan) সরকারের কাছে পাঠানো হচ্ছে। এই নতুন নীতিমালা মূলত একটি দ্রুত স্থানান্তর প্রক্রিয়া যার মাধ্যমে আশ্রয়প্রার্থীদের অস্ট্রেলিয়া আগমনের ৪৮ ঘন্টার মধ্যে পাপুয়া নিউ গিনি (PNG) অথবা নাউরুয়া (Nauru) স্থানান্তর করা হয়। এছাড়াও এই নীতিমালায় অন্তর্ভুক্ত করা হয়েছে উভয়স্থানে “প্রক্রিয়াকরণ কেন্দ্র” সম্প্রসারণ এবং নৌযানে আগমনকারী শরণার্থীদের ফিরিয়ে আনার বিষয়।

### অস্ট্রেলিয়া, PNG এবং Nauru সরকারের মধ্যে চুক্তি মোতাবেক কী কী ব্যবস্থা নেয়া হয়েছে?

অস্ট্রেলিয়া - PNG এবং অস্ট্রেলিয়া - Nauru সরকারের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী অবৈধ ভাবে সমুদ্রসীমায় আগমনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য PNG অথবা Nauru পাঠানো হবে এবং যারা রিফিউজি প্রমানিত হবে তা সেখানেই মীমাংসা করা হবে এবং যারা রিফিউজি প্রমানিত হবে না তাদেরকে নিজ নিজ দেশে অথবা যেই দেশে তার বসবাসের অধিকার আছে সেখানে ফেরত পাঠানো হবে।

### নতুন বিধি

অস্ট্রেলিয়া, PNG এবং Nauru উভয় সরকারের সাথে রিফিউজিদের অধিক সুবিধা প্রদানের লক্ষ্যে “আঞ্চলিক প্রক্রিয়াকরণ কেন্দ্র” নির্মাণের জন্য জায়গা অনুসন্ধান করছে।

### ৪৮ ঘন্টার মধ্যে PNG এবং Nauru তে স্থানান্তর কী মহিলা ও শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য?

অবৈধভাবে অস্ট্রেলিয়াতে আগমনকারী সকলকেই ৪৮ ঘন্টার মধ্যে PNG অথবা Nauru তে স্থানান্তর করা হবে। শিশু এবং পরিবারবর্গ সকলেই এই স্থানান্তর প্রক্রিয়ার অন্তর্ভুক্ত। বৈধ ভিসা ব্যতিত অস্ট্রেলিয়ায় আগমনকারী কোনো মানুষকেই অস্ট্রেলিয়াতে বসবাসের সুযোগ দেয়া হবে না।

### আভিভাবকহীন অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে কি করা হয়?

আভিভাবকহীন অপ্রাপ্তবয়স্কদের ও ভিন্নদেশে স্থানান্তর ব্যতিরেকে অন্য কোনো ব্যবস্থা নেই। যে সমস্ত আভিভাবকহীন অপ্রাপ্তবয়স্ক অবৈধভাবে অস্ট্রেলিয়াতে আগমন করবে তাদের সকলকেই পাপুয়া নিউ গিনি (PNG) অথবা Nauruতে স্থানান্তর করা হবে। তবে এ সমস্ত আভিভাবকহীন অপ্রাপ্তবয়স্কদের কে আঞ্চলিক প্রক্রিয়াকরণ কেন্দ্রে স্থানান্তরের পর কিভাবে তাদের মৌলিক চাহিদা পূরণ করা যায় সে বিষয়ে অস্ট্রেলিয়ান কর্তৃপক্ষ, পাপুয়া নিউ গিনি (PNG) এবং Nauru কর্তৃপক্ষের সাথে একটি অবকাঠামো নির্মাণের জন্য নিবিড়ভাবে কাজ করছে।



## সীমান্তে সার্বভৌমের অভিজান

### নৌকাগুলো কে কি ঘুরে যেতে বলা হবে?

অস্ট্রেলিয়ান সরকার পরিবর্তিত হয়েছে, সেই সাথে আইন গুলো ও পরিবর্তিত হয়েছে। কেউ যদি বৈধ ভিসা ব্যাতিত নৌযানের মাধ্যমে অস্ট্রেলিয়ায় অনুপ্রবেশের চেষ্টা করে তাহলে তার অনুপ্রবেশ রোধ করা হবে। অনুপ্রবেশকারী হয় ফেরত যেতে পারে অথবা তাকে দ্রুত প্রক্রিয়াকরণের জন্য PNG ওথবা Nauru তে স্থানান্তরিত করা হবে। সে কোনো অবস্থাতেই অস্ট্রেলিয়াতে বসতি স্থাপন করতে পারবে না।

### মানুষ পাচারকারীরা বলেছে আমি অস্ট্রেলিয়ায় স্থায়ীভাবে বসবাস এর জন্য যোগ্য?

মানুষ পাচারকারীদের দ্বারা কখনো প্রতারণিত হবেন না। তারা কেবল মানুষের টাকার পেছনেই থাকে। যদি কেউ ভিসা ছাড়া নৌযানের মাধ্যমে অস্ট্রেলিয়ায় আসে তবে তার জীবনসহ সবকিছু হারানোর ঝুঁকি রয়েছে।

### যদি আশ্রয়প্রার্থীরা আগে থেকেই অস্ট্রেলিয়াতে বসবাস করতে থাকে? তাতে কি কোন পার্থক্য হবে যদি তাদের আগে থেকেই ভিসা থাকে?

এটা কোনো পার্থক্য তৈরি করবে না যাদের (শিশু, পরিবার বা সঙ্গিহীন অপ্রাপ্তবয়স্ক) পরিবার বর্তমানে অস্ট্রেলিয়াতে আছে। অবৈধভাবে অস্ট্রেলিয়ায় আগমনকারী সকলকেই ৪৮ ঘন্টার মধ্যে PNG অথবা Nauruতে স্থানান্তর করা হবে।

### কি হবে আশ্রয়প্রার্থীদের যদি তারা মূল ভূখন্ডে যেতে পারে? তখনো কি তারা এই ব্যবস্থার অধীনে PNG বা Nauru তে স্থানান্তরিত হওয়ার জন্য দায়বদ্ধ হবে?

আশ্রয়প্রার্থীদের নৌকায় অস্ট্রেলিয়ায় এসে কোথায় পৌঁছায় সেটা কোন বিষয় না, তাদের সকলকে PNG বা Nauru তে স্থানান্তরিত করা হবে।

### তাদের কি হবে যাদের উদ্বাস্তু হিসেবে পাওয়া যাবেনা?

যাদের উদ্বাস্তু হিসেবে পাওয়া যাবেনা তাদের নিজেদের দেশে ফেরত পাঠানো হবে অথবা বসবাসের অধিকার আছে যেখানে এমন একটি দেশে ফেরত পাঠানো হবে।

### নতুন চুক্তি অনুযায়ী কতজন মানুষকে PNG বা Nauru তে স্থানান্তর করা যেতে পারে?

স্থানান্তরিত করার কোন সর্বোচ্চ সংখ্যা নির্ধারিতো নেই। উভয় দেশের মধ্যে সুবিধাসমূহ ক্রমাগত সমপ্রসারিত হচ্ছে। নতুন ব্যবস্থার অধীনে PNG অথবা Nauru তে স্থানান্তরিত হওয়া অথবা বসতি স্থাপন করতে পারে এমন কোনো সংখ্যার সীমাবদ্ধতা নেই।

### আমি কিভাবে অস্ট্রেলিয়া বা অন্য দেশে স্থায়ী ভাবে বসবাসের যোগ্যতা অর্জন করতে পারি?

ইউনাইটেড নেশনস হাইকমিশন ফর রিফিউজিস (UNHCR) অথবা ইন্টারন্যাশনাল অর্গানাইজেশনস ফর মাইগ্রেশন (IOM) এর মাধ্যমে রিফিউজিদের নির্দিষ্ট নীতিমালা অনুযায়ী স্থায়ীভাবে বসবাসের জন্য আবেদন করার সুযোগ রয়েছে।